

**ধলাই জেলা কো-অর্ডিনেশন ও মনিটোরিং
কমিটির সভা অনুষ্ঠিত**

ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জেলা শাসক কার্যালয়ের সভাগৃহে জেলা ভিত্তিক কো-অর্ডিনেশন এবং মনিটোরিং কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সাংসদ জীতেন্দ্র চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় জিলা পরিষদের সভাপতি পরিমল চন্দ্র দাস, বিধায়ক ললিত কুমার দেববর্মা, আমবাসা, সালেমা ও দুর্গাচৌমুহনী পঞ্চায়ত সমিতির চেয়ারম্যানগণ, মনু বি এ সি'র চেয়ারম্যান, অতিরিক্ত জেলা শাসক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সাংসদ জীতেন্দ্র চৌধুরী প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার কাজ কর্মের অগ্রগতির পর্যালোচনা করে যোগাযোগের ব্যবস্থাকে আরও সুদৃঢ় করে তোলার জন্য পূর্ত দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। গৃহ নির্মাণের কাজকে আরো দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে পরামর্শ দেন। শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার উন্নয়নেও তিনি গুরুত্বারোপ করেন। সাংসদ শ্রী চৌধুরী স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) এর কাজকর্মের অগ্রগতি পর্যালোচনা করে গ্রামীণ এলাকার হাট-বাজারগুলি পরিষ্কার পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে কমিটি গঠন করার জন্য পরামর্শ দেন। বিভিন্ন সামাজিক ভাতা প্রদানের বিষয়েও তিনি আলোচনা করেন।

সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, ধলাই জেলায় ৩৭ হাজার ২০ জন দুঃস্থ মানুষকে বিভিন্ন প্রকল্পে সামাজিক ভাতা দেওয়া হচ্ছে। স্বচ্ছ ভারত মিশন প্রকল্পের জেলা আধিকারিক জানান, ২০১৬-১৭ অর্থবছরে জেলার বিভিন্ন ব্লক এলাকায় ২২, ১৯৬টি পাকা শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানান, গত অর্থবছরে জেলায় ৫,৬৭১টি স্বাস্থ্য শিবিরের মাধ্যমে ১ লক্ষ ৫ হাজার ৪০৩ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়।

To remove this message
product at www.SmartPreviewer.com